

মাস্টার্সে ফেল সাড়ে ৫২ হাজার, ফলাফল দেখা যাবে রাতে

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৬ জুলাই ২০২৩, ১৬:৫৩



জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষায় ফেল করেছেন সাড়ে ৫২ হাজারেরও বেশি শিক্ষার্থী। এ পরীক্ষায় অংশ নেন এক লাখ ৮৩ হাজার ৭৯ জন শিক্ষার্থী। তাদের মধ্যে পাস করেছেন এক লাখ ৩০ হাজার ৪৮৯ জন। গড়ে পাসের হার ৭১ দশমিক ২৭ শতাংশ।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বুধবার (২৬ জুলাই) বিকাল সাড়ে ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মো. আতাউর রহমান এ তথ্য জানান।



এসএসসির ফল প্রকাশ শুক্রবার

তিনি জানান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের মাস্টার্স শেষ বর্ষের ফল বুধবার (২৬ জুলাই) রাত ৮টায় আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/results, www.nubd.into/results) দুকে রাত ৮টার পর থেকে ফল পাওয়া যাবে।

এদিকে, রাতে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ হলেও ফলাফলের সারসংক্ষেপ জনসংযোগ দপ্তর থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।



রাবির সকল প্রকার নিয়োগের স্থগিতাদেশ
প্রত্যাহার

এতে জানানো হয়, ২০২০ সালের মাস্টার্স শেষ বর্ষে অংশ নেন এক লাখ ৮৩ হাজার ৭৯ জন শিক্ষার্থী। তাদের মধ্যে পাস করেছেন এক লাখ ৩০ হাজার ৪৮৯ জন। পাসের হার ৭১ দশমিক ২৭ শতাংশ। আর ফেল করেছেন ৫২ হাজার ৫৯০ জন শিক্ষার্থী। এর আগে ১২২টি কেন্দ্রে ১৭৬ কলেজে ২৮ বিষয়ে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, রাতে ফল প্রকাশের পর প্রকাশিত ফলাফলে কোনো প্রকার অসংগতি বা ভুল পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।